

## সড়ক দুর্ঘটনায় ৬ জনের মৃত্যুতে শিক্ষামন্ত্রীর শোক

ঢাকা, ৩০ অক্টোবর

রোহিঙ্গাদের মাঝে ত্রান বিতরণ শেষে ফেরার পথে বিয়ানীবাজার উপজেলার অধিবাসী ৬ জন তরুণ সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

আজ এক শোকবার্তায় শিক্ষামন্ত্রী বলেন, এ দুর্ঘটনায় যারা নিহত হয়েছেন, তাদের পরিবারের অপূরণীয় ক্ষতি হল। এ ক্ষতি কখনও পূরণ হবার নয়। তিনি নিহতদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও স্বজনদের প্রতি গভীর সমবেদনা জানান।

শিক্ষামন্ত্রী এ দুর্ঘটনায় আহতদের প্রতিও সমবেদনা জানান এবং তাদের আশু সুস্থতা কামনা করেন।

উল্লেখ্য, আজ সকালে নরসিংদীর মাধবদী উপজেলার কান্দাইল এলাকায় এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় এরা নিহত হন। কক্সবাজারে রোহিঙ্গাদের মাঝে ত্রান বিতরণ শেষে তারা একটি মাইক্রোবাসে করে বিয়ানীবাজার ফিরছিলেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯